# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯০০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তি সালাতে রুকূ‘ থেকে মাথা উত্তোলন করে আল্লাহর কী প্রশংসা করবে তার বর্ণনা

ذِكْرُ مَا يَحْمَدُ الْعَبْدُ رَبَّهُ جَلَّ وَعَلَا عِنْدَ رَفْعِهِ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ فِي صَلَاتِهِ

আরবী

1900 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا أَبُو النَّضْرِ هَاشِمُ بْنُ الْقَاسِمِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي سَلَمَةَ عن عمه الماجشون بن أبي سلمة عن الْأَعْرَجِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم إذا رَكَعَ قَالَ: (اللَّهُمَّ لَكَ رَكَعْتُ وَبِكَ آمَنْتُ وَلَكَ أَسْلَمْتُ خَشَعَ لَكَ سَمْعِي وَبَصَرِي وَمُخِّي وَعِظَامِي وَعَصَبِي) وَإِذَا رَفَعَ رَأْسَهُ قَالَ: (سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمِلْءَ مَا بَيْنَهُمَا وَمِلْءَ مَا شئت من شيء بعد)

الراوي : عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1900 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (738)

বাংলা

১৯০০. আলী বিন আবি তালিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন রুকূ‘ করতেন, তখন বলতেন, اللَّهُمَّ لَكَ رَكَعْتُ وَبِكَ آمَنْتُ وَلَكَ أَسْلَمْتُ خَشَعَ لَكَ سَمْعِي وَبَصَرِي وَمُخِّي وَعِظَامِي وَعَصَبِي (হে আল্লাহ, আমি আপনার জন্যই রুকূ‘ করেছি, আপনার প্রতিই ঈমান আনয়ন করেছি, আপনার প্রতি আত্নসমর্পন করেছি। আপনার জন্য বিনীত হয়েছে আমার শ্রবণশক্তি, দর্শনশক্তি, আমার মগজ (মেধা), আমার হাড়সমূহ এবং আমার স্নায়ু)। আর যখন রুকূ‘ থেকে মাথা উত্তোলন করতেন, তখন বলতেন, سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمِلْءَ مَا بَيْنَهُمَا وَمِلْءَ مَا شئت من شيء بعد (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে, হে আমাদের প্রভু। আর আসমানসমূহ পরিপূর্ণ, জমিন

পরিপূর্ণ, উভয়ের মধ্যবর্তী স্থান ভর্তি এবং এছাড়াও যা কিছু আপনি ইচ্ছা করেন, সেসব পরিপূর্ণ সমস্ত প্রশংসা আপনার জন্যই)।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৪৮; আত তায়ালিসী: ১৫২; সহীহ মুসলিম: ৭৭১; তিরমিযী: ২৬৬; নাসাঈ: ২/১৯২; দারেমী: ৩০১; সহীহ ইবনু খুযাইমাহ: ৬০৭; আবূ আওয়ানা: ২/১০১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৩১; সুনান বাইহাকী: ২/৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91116

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন